DHAKA PROBE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 15 Nov 2026, 04:26 PM

আন্তর্জাতিক

পারমাণবিক অস্ত্র ও ইরান যুদ্ধ নিয়ে আলোচনায় বসছেন ট্রাম্প, সি ও পুতিন

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: রোববার, ১৫ নভেম্বর ২০২৬, ০৭:১৮ AM



যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, চীনের প্রেসিডেন্ট সি চিন পিং ও রাশিয়ার প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন | ছবি: রয়টার্স

যুক্তরাষ্ট্র, রাশিয়া ও চীনের শীর্ষ নেতাদের মধ্যে প্রথমবারের মতো ত্রিপক্ষীয় বৈঠক হতে যাচ্ছে। আগামী বৃহস্পতিবার চীনের শেনজেন শহরে বৈঠকে বসার কথা রয়েছে মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন ও চীনের প্রেসিডেন্ট সি চিন পিংয়ের।

শুক্রবার হোয়াইট হাউস এ বৈঠকের বিষয়টি নিশ্চিত করেছে। মার্কিন কর্মকর্তাদের বরাত দিয়ে জানা গেছে, বৈঠকে বিশ্বজুড়ে পারমাণবিক অস্ত্রের মজুত কমানোর বিষয়টি গুরুত্ব পাবে। পাশাপাশি ইরানের সঙ্গে চলমান যুদ্ধ নিয়েও আলোচনা করতে চান ট্রাম্প। তবে ইউক্রেন যুদ্ধ নিয়ে তিন নেতার আলোচনার সম্ভাবনা নেই।

হোয়াইট হাউসের মুখপাত্র অলিভিয়া ওয়েলস সাংবাদিকদের জানান, এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অর্থনৈতিক সহযোগিতা সংস্থার (এপেক) সম্মেলনের ফাঁকে চীনের দক্ষিণাঞ্চলীয় শহর শেনজেনে এ বৈঠক অনুষ্ঠিত হবে।

ওয়েলস বলেন, ট্রাম্প বিশ্বজুড়ে পারমাণবিক অস্ত্রের সংখ্যা কমানোর বিষয়ে আলোচনা করতে আগ্রহী। তাঁর মতে, পারমাণবিক অস্ত্রের বিস্তার অত্যন্ত বিপজ্জনক।

নাম প্রকাশ না করার শর্তে এক জ্যেষ্ঠ মার্কিন কর্মকর্তা বলেন, ত্রিপক্ষীয় বৈঠকে ট্রাম্প ইরানের প্রসঙ্গ তুলতে চান। যুক্তরাষ্ট্রের সামনে বড় চ্যালেঞ্জ হয়ে ওঠা দুটি যুদ্ধের মধ্যে ইরান যুদ্ধ নিয়ে আলোচনা হলেও ইউক্রেন যুদ্ধ আলোচনার বিষয় হবে না।

ওই কর্মকর্তা জানান, ইউক্রেন যুদ্ধ বন্ধে ওয়াশিংটন কিয়েভ ও মস্কোর সঙ্গে আলাদাভাবে আলোচনা চালিয়ে যাচ্ছে। সাম্প্রতিক সময়ে মার্কিন প্রতিনিধিরা পুতিন ও ইউক্রেনের প্রেসিডেন্ট ভলোদিমির জেলেনস্কির সঙ্গে এ বিষয়ে কথা বলেছেন।

তিনি বলেন, ইউক্রেন নিয়ে আলোচনার একটি পৃথক প্রক্রিয়া রয়েছে। চীন সেই প্রক্রিয়ার অংশ নয়। ফলে ত্রিপক্ষীয় বৈঠকে ইউক্রেন যুদ্ধ নিয়ে আলোচনা করাকে উপযুক্ত মনে করছে না ওয়াশিংটন।

এদিকে ট্রাম্পের চীন সফরে তাঁর সঙ্গে থাকবেন টেসলা ও স্পেসএক্সের প্রধান ইলন মাস্ক। তবে তিন নেতার বৈঠকে তিনি অংশ নেবেন না বলে জানিয়েছেন মার্কিন কর্মকর্তারা।

সফরে বৃহস্পতিবার চীনের প্রেসিডেন্ট সি চিন পিংয়ের সঙ্গে দ্বিপক্ষীয় বৈঠক ও ভোজসভায় অংশ নেওয়ার কথা রয়েছে ট্রাম্পের। দ্বিতীয় মেয়াদে ক্ষমতায় ফেরার পর দুই নেতার মধ্যে এটি হবে চতুর্থ বৈঠক। তবে পুতিনের সঙ্গে আলাদা কোনো একান্ত বৈঠকের পরিকল্পনা নেই ট্রাম্পের।

অন্যদিকে এনভিডিয়ার প্রধান নির্বাহী কর্মকর্তা জেনসেন হুয়াংয়ের কথিত চীনা গুপ্তচরের সঙ্গে সম্পর্কের জেরে পদত্যাগের বিষয়টি এ বৈঠকে আলোচনায় আসবে না বলে জানিয়েছেন মার্কিন কর্মকর্তারা।

সফরসূচি অনুযায়ী, আগামী সোমবার ওয়াশিংটন ছাড়বেন ট্রাম্প। মঙ্গলবার ফিলিপাইনে পৌঁছে দক্ষিণ-পূর্ব এশীয় দেশগুলোর জোট আসিয়ানের সম্মেলনে অংশ নেবেন তিনি। এরপর সেখান থেকে চীনের শেনজেন শহরে যাওয়ার কথা রয়েছে মার্কিন প্রেসিডেন্টের।

এ বিভাগের আরও খবর



ভারতের আকাশসীমায় ঢুকে ২৫ মিনিট চক্কর দিল চীনা যুদ্ধবিমান

ভারতের আকাশসীমায় প্রবেশ করে প্রায় ২০ থেকে ২৫ মিনিট ধরে চক্কর দিয়েছে চীনের একটি যুদ্ধবিমান। গত ১২ নভেম্বর ভারতের সিকিম অঞ্চলে এ ঘটনা ঘটে। স্প...



অবরোধ দিয়ে ইরানিদের অনাহারে রাখার হুমকি দিচ্ছে যুক্তরাষ্ট্র: তেহরান

অর্থনৈতিক নিষেধাজ্ঞার মাধ্যমে ইরানের জনগণকে খাদ্যসংকটে ফেলার হুমকি দিচ্ছে যুক্তরাষ্ট্র।এমন অভিযোগ করেছে তেহরান। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার...



চার ঘণ্টার বেশি বন্ধ থাকার পর যুক্তরাষ্ট্রে স্বাভাবিক হলো ফ্লাইট চলাচল

বিমান চলাচল নিয়ন্ত্রণ কেন্দ্রগুলোর যোগাযোগব্যবস্থায় ত্রুটির কারণে যুক্তরাষ্ট্রজুড়ে চার ঘণ্টার বেশি সময় বন্ধ ছিল উড়োজাহাজের উড্ডয়ন। শুক্রবার...



যোগাযোগব্যবস্থায় ত্রুটি, যুক্তরাষ্ট্রজুড়ে ফ্লাইটের উড্ডয়ন বন্ধ

যুক্তরাষ্ট্রের বিমান চলাচল নিয়ন্ত্রণকেন্দ্রগুলোর মধ্যে যোগাযোগব্যবস্থায় গুরুতর ত্রুটি দেখা দেওয়ায় দেশজুড়ে সব বিমানবন্দর থেকে উড়োজাহাজের উড্ড...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/parmanbik-ostr-o-iran-juddh-niye-alochnay-bschhen-tramp-si-o-putin